


# যুগান্তর

অধ্যক্ষের অপসারণ দাবি

## কারমাইকেল কলেজের প্রশাসনিক ভবনে শিক্ষার্থীদের তালা

প্রকাশ : ১২ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রংপুর ব্যুরো

কারমাইকেল কলেজের অধ্যক্ষের অপসারণের দাবিতে প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে শিক্ষার্থীরা। অধ্যক্ষ প্রফেসর আবদুল লতিফ মিয়ার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনে তার অপসারণের দাবিতে শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা বেশ কিছুদিন ধরে আন্দোলন করছে। এর জের ধরে তারা কলেজের প্রশাসনিক ভবন, অধ্যক্ষের কক্ষসহ সব বিভাগীয় প্রধানের কক্ষে তালা ঝুলিয়ে দেয়। ফলে কলেজের প্রশাসনিক কর্মকাণ্ড পুরোপুরি বন্ধ হয়ে গেছে। শিক্ষার্থীদের অভিযোগ, দুর্নীতি আর দুঃশাসনের বিরুদ্ধে এক মাস ধরে অধ্যক্ষের অপসারণের দাবিতে তারা আন্দোলন করে আসছে। ইতোমধ্যে তদন্ত কমিটি তদন্ত করে গেছে। তার পরেও কোনো ব্যবস্থা না নেয়ায় তারা চরম হতাশ। অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত প্রশাসনিক কার্যালয়ে তালা ঝোলানো থাকবে বলে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানিয়েছে। শিক্ষক পরিষদের সম্পাদক প্রফেসর আখতারুজ্জামান জানান, ৪৮ ঘণ্টার মধ্যে অধ্যক্ষকে অপসারণ না করা হলে আরও কঠোর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।